



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

বাংলাদেশের
পুলকায়িত্ব
Bangladesh




সরকারি পাইওনিয়ার মহিলা কলেজ, খুলনা।

ফোন: ০২৪৭৭-৭২১২৬৬, Email: girlscollegepioner@gmail.com

তারিখঃ ১০/০৭/২০২৩ খ্রি.

নোটিশ

১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে “ আমার চোখে বঙ্গবন্ধু” বিষয়ে এক মিনিট ব্যাপী ভিডিও চিত্র তৈরী করে প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছুক ছাত্রীদেরকে আগামী ১৬/০৭/২০২৩ তারিখের মধ্যে dckhulna.videocomp@gmail.com অথবা (ক) নির্দেশনা মোতাবেক প্রেরণ করার জন্য বলা হলো।

 ১০/৭/২৩

(প্রফেসর মুজিবুর রহমান বাবুল)

আইডি-০৬২৬৩

অধ্যক্ষ

সরকারি পাইওনিয়ার মহিলা কলেজ

খুলনা।

প্রফেসর মুজিবুর রহমান বাবুল

আইডি নম্বর-০৬২৬৩

অধ্যক্ষ

সরকারি পাইওনিয়ার মহিলা কলেজ, খুলনা।

অনুলিপিঃ

- ১। উপাধ্যক্ষ, সরকারি পাইওনিয়ার মহিলা কলেজ, খুলনা।
- ২। প্রধান সহকারী, সরকারি পাইওনিয়ার মহিলা কলেজ, খুলনা।
- ৩। কম্পিউটার শাখা অত্র কলেজ। নোটিশ টি ওয়েব সাইট ও ফেসবুক পেইজে আপলোড করার জন্য বলা হলো।
- ৪। সংরক্ষণ নথি।

নম্বর: ০৫.৪৪.৪৭০০.০২২.২৩.০০২.২৩-৫৮-৮/০

তারিখ:

২২ আষাঢ় ১৪৩০ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০২৩ খ্রিষ্টাব্দ

বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষ্যে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবন ও দর্শনকে উপজীব্য করে 'আমার চোখে বঙ্গবন্ধু' বিষয়ে জেলা ও জাতীয় পর্যায়ে এক মিনিটব্যাপী ভিডিও চিত্র তৈরি করার প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় খুলনা মেট্রোপলিটন এলাকার সকল স্কুল-কলেজ ও তদুর্ধ্ব পর্যায়ের ছাত্র/ছাত্রীদের অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

প্রতিযোগিতার নিয়মাবলী

- ভিডিওটি প্রস্তুত করে ইমেইল (dckhulna.videocomp@gmail.com)/পেন ড্রাইভ/ড্রাইভ লিংকের মাধ্যমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), খুলনা এর নিকট আগামী ১৬ জুলাই, ২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। তবে, এক্ষেত্রে ড্রাইভ লিংকের এক্সেস পাবলিক ভিউ থাকতে হবে;
- ভিডিও ধারণের ক্ষেত্রে যেকোন মোবাইল ফোন বা ক্যামেরা নির্বাচন করা যেতে পারে;
- মোবাইলে ভিডিওটি ধারণের ক্ষেত্রে আড়াআড়িভাবে (১৬:৯ অনুপাত) রাখতে হবে;
- ভিডিও ধারণের সময় স্থির ভিডিও পেতে ট্রাইপড বা স্ট্যান্ড ব্যবহার করা সব থেকে সুবিধাজনক হবে;
- ভিডিও ধারণের সময় অপ্রয়োজনীয় শব্দ (নয়েজ) বাদ দিতে হবে;
- ভিডিওতে বক্তব্য স্পষ্ট হতে হবে;
- কপিরাইট রয়েছে এমন ভিডিও বা অডিও ব্যবহার থেকে বিরত থাকতে হবে;
- ভিডিওটির ব্যাপ্তি সর্বোচ্চ ০১ মিনিট হতে হবে;
- ভিডিও সম্পাদনার সময় লক্ষ্য রাখতে হবে যেন দর্শকের দৃষ্টিকোণ থেকে যথাযথভাবে ভিডিওটি উপস্থাপিত হয়;
- ভিডিও'র মধ্যে প্রতিযোগির নাম, শ্রেণি, প্রতিষ্ঠানের নাম ও মোবাইল নম্বর দিতে হবে; এবং
- ভিডিও নির্মাণ সংক্রান্ত যেকোন পরামর্শ বা সহযোগিতা পেতে জেলা প্রশাসকের কার্যালয়, খুলনাতে যোগাযোগ করা যেতে পারে।

যোগাযোগ নম্বর: ০১৯২৮-৭৫৪০৪৮, ইমেইল: dckhulna.videocomp@gmail.com

প্রাপক:


.....

.....

.....

অনুলিপি:

- জেলা শিক্ষা অফিসার, খুলনা/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, খুলনা (তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানসমূহে বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)
- উপ-প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, খুলনা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)
- সভাপতি/সাধারণ সম্পাদক, খুলনা প্রেস ক্লাব, খুলনা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের অনুরোধসহ)


পুলক কুমার
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
খুলনা
ফোন: ০২৪৭৭-৭২০৩১৪